গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

# "ক্রীড়া পরিদপ্তরের ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা-২০২৪"

দেশের পরিবর্তিত পরিস্থিতিতে ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ক্রয়কৃত ক্রীড়া সামগ্রীর স্বচ্ছ ও সুষম বণ্টনের স্বার্থে এবং যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে "ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা ২০১৬" সংশোধনপূর্বক "ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা ২০২৪" প্রণয়ন করা হলোঃ

১। ক্রীড়া সামগ্রী বিতরণের হারঃ

(i) ক্রীড়া পরিদপ্তর ২০%।
(ii) বাৎসরিক ক্রীড়া কর্মসূচি/প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য জেলা ক্রীড়া অফিসারদের অনুকূলে ১০%।
(iii) জেলা সদরসহ উপজেলাসমূহে জেলা কমিটির মাধ্যমে বিতরণের জন্য জেলা ক্রীড়া অফিসারদের অনুকূলে ৭০%।

২। ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ক্রীড়া সামগ্রী ক্রয়কালে ৮০% (১০%+৭০%) সরাসরি সংশ্লিষ্ট জেলাসমূহে প্রেরণ করবে এবং ২০% ক্রীড়া পরিদপ্তরে সংরক্ষণ করবে।

৩। ক) ক্রীড়া পরিদপ্তরের মাধ্যমে ক্রীড়া সামগ্রী বিতরণের ক্ষেত্রে নিম্নরূপ কমিটির সুপারিশে বিতরণ করতে হবেঃ

| | |
|---|---|
| (i) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | -সভাপতি। |
| (ii) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | -সদস্য। |
| (iii) সহকারী পরিচালক (সংগঠন) ক্রীড়া পরিদপ্তর | -সদস্য-সচিব। |

খ) কমিটি প্রতি মাসে প্রাপ্ত আবেদনসমূহ বিবেচনার জন্য এক বা একাধিক সভা করবে। কমিটির সুপারিশ অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ক্লাবের অনুকূলে বরাদ্দপত্র জারি করা হবে; যার অনুলিপি সংশ্লিষ্ট জেলা ক্রীড়া অফিসার বরাবর প্রেরণ করতে হবে।

৪। ক) জেলা পর্যায়ে বরাদ্দকৃত ক্রীড়া সামগ্রী নিম্নরূপ কমিটির সুপারিশে বিতরণ করতে হবে:

| | |
|---|---|
| (i) জেলা প্রশাসক | - সভাপতি। |
| (ii) উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | -সদস্য। |
| (iii) জেলা শিক্ষা অফিসার | - সদস্য |
| (iv) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | - সদস্য। |
| (v) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - সদস্য। |
| (vi) জেলা সদরের সরকারি স্কুলের একজন শরীরচর্চা শিক্ষক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য। |
| (vii) জেলা ক্রীড়া অফিসার | - সদস্য সচিব। |

খ) যে সকল জেলা সদরে সিটি কর্পোরেশন রয়েছে, সেখানে সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার একজন প্রতিনিধি কমিটির সদস্য হবেন।

গ) কমিটি প্রতি মাসে প্রাপ্ত আবেদনসমূহ বিবেচনার জন্য এক বা একাধিক সভা করবে। কমিটির সুপারিশ অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ক্লাবের অনুকূলে বরাদ্দপত্র জারি করা হবে; যার অনুলিপি পরিচালক, ক্রীড়া পরিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে।

৫। জেলা কমিটি কর্তৃক যে সকল প্রতিষ্ঠান ক্রীড়া সামগ্রী প্রাপ্ত হবে, সে সকল প্রতিষ্ঠানের অনুকূলে ক্রীড়া পরিদপ্তর হতে পুনরায় ক্রীড়া সামগ্রী বিতরণ করা হবে না।

৬। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এবং সচিব কোনো প্রতিষ্ঠান/ক্লাবকে প্রয়োজনীয়তার নিরীখে ক্রীড়া সামগ্রী প্রদানের জন্য অনুরোধ করলে উক্ত ক্রীড়া সামগ্রী মজুদ থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে।

চলমান পাতা/০২

৭। জেলা পর্যায়ে বরাদ্দকৃত ক্রীড়া সামগ্রীর ১০% জেলা ক্রীড়া অফিসারগণ কর্তৃক বার্ষিক ক্রীড়া কর্মসূচি/প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ব্যবহৃত হবে। উক্ত কর্মসূচি/প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য অতিরিক্ত ক্রীড়া সামগ্রী প্রয়োজন হলে পরিচালক, ক্রীড়া পরিদপ্তর/জেলা প্রশাসকের অনুমোদন সাপেক্ষে ব্যবহার করা যাবে। বরাদ্দকৃত এ ক্রীড়া সামগ্রীর যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য পরিচালক, ক্রীড়া পরিদপ্তর নিবিড় পরিবীক্ষণ করবেন।

৮। সকল ক্ষেত্রে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী পাওয়ার জন্য সরকার কর্তৃক স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ক্রীড়া ক্লাব/সংগঠন (অনলাইন/অফলাইনে) আবেদন করতে পারবে। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর ও মোবাইল নম্বর আবেদনে উল্লেখ থাকতে হবে। আবেদনকৃত শিক্ষা প্রতিষ্ঠানের অস্তিত্ব ও ক্রীড়া সামগ্রীর প্রয়োজনীয়তার বিষয়ে জেলা/উপজেলা শিক্ষা অফিসার, জেলা/উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের প্রত্যয়ন থাকতে হবে। ক্রীড়া ক্লাব/সংগঠনের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা ক্রীড়া অফিসারের প্রত্যয়ন থাকতে হবে।

৯। ক্রীড়া পরিদপ্তরের মজুদকৃত ক্রীড়া সামগ্রীসমূহ পরিদপ্তর যথাযথভাবে সংরক্ষণ করবে। ক্রীড়া সামগ্রী প্রাপ্তি ও বিতরণ সংক্রান্ত স্টক রেজিস্টার সংরক্ষণের জন্য একজন কর্মকর্তা/কর্মচারী দায়িত্ব প্রাপ্ত থাকবেন। প্রতিবছর অন্ততঃ একবার যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন কর্মকর্তাকে দিয়ে ক্রীড়া পরিদপ্তরের ক্রীড়া সামগ্রীর স্টক বাস্তব পরিবীক্ষণ (Physical Verification) করাতে হবে।

১০। জেলা পর্যায়ে প্রেরিত ক্রীড়া সামগ্রী জেলা প্রশাসকের নির্দেশনায় জেলা ক্রীড়া অফিসার যথাযথভাবে সংরক্ষণ করবেন। ক্রীড়া সামগ্রী প্রাপ্তি ও বিতরণ সংক্রান্ত স্টক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। প্রতিবছর অন্ততঃ একবার জেলা প্রশাসনের একজন কর্মকর্তাকে দিয়ে জেলার ক্রীড়া সামগ্রীর স্টক বাস্তব পরিবীক্ষণ (Physical Verification) করতে হবে।

১১। যে সব প্রতিষ্ঠান/ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হবে সে সব প্রতিষ্ঠানে উক্ত ক্রীড়া সামগ্রী যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং জেলা ক্রীড়া অফিসারগণ সেসব প্রতিষ্ঠান/ক্লাবসমূহ পরিদর্শন করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন।

১২। বিনামূল্যে বিতরণকৃত ক্রীড়া সামগ্রীর অপব্যবহার করা হলে বা কোথাও বিক্রয় করা হলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২১/১০/২০২৪

মোঃ ইকবাল হোসেন
যুগ্মসচিব